শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
**সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ**
**টিলাগড়, সিলেট।**
**ওয়েবসাইটঃ** www.sec.ac.bd

# বি.এসসি. (ইঞ্জিঃ) ১ম বর্ষ ১ম সেমিস্টার **ভর্তি নির্দেশিকা, শিক্ষাবর্ষ: ২০২০-২০২১**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি শিক্ষা প্রতিষ্ঠান সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. (ইঞ্জিঃ) কোর্সে ভর্তিচ্ছু যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিকট থেকে অনলাইনে (Online) দরখাস্ত আহবান করা যাচ্ছে। কলেজের ওয়েব সাইট www.sec.ac.bd এবং কলেজের নোটিশ বোর্ডে ভর্তি সংক্রান্ত সকল তথ্যাদি পাওয়া যাবে।

**১। ভর্তি কার্যক্রমে উল্লেখযোগ্য তারিখসমূহ ঃ**

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে আবেদন ফরম পূরণ ও Submission | ০১/১১/২০২১ হতে ৩০/১১/২০২১ পর্যন্ত |
| খ) | আবেদন ফি প্রদানের সর্বশেষ তারিখ | ০১/১২/২০২১ |
| গ) | ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও স্থান | ০৪/১২/২০২১, সকাল ১১.০০ টা,<br>**সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ** |

**২। বিভাগ ও আসন সংখ্যা ঃ**

| ক্রমিক নং | বিভাগের নাম | আসন সংখ্যা<br>(সাধারণ+মুক্তিযোদ্ধা+ক্ষুদ্র নৃ-গোষ্ঠী+চা শ্রমিক সন্তান) |
|---|---|---|
| ক) | কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৬০+০১+০১+০১ |
| খ) | সিভিল ইঞ্জিনিয়ারিং | ৬০+০১+০১+০১ |
| গ) | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৬০+০১+০১+০১ |
| **সর্বমোট** | | ১৮০+০৩+০৩+০৩=১৮৯ |

**৩। ভর্তির জন্য আবেদনের যোগ্যতাঃ**

ক) পরীক্ষার্থীকে বিজ্ঞান বিভাগ হতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় সম্মিলিতভাবে কমপক্ষে মোট GPA ৭.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। তবে এইচ.এস.সি পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজিতে আলাদাভাবে কমপক্ষে GP ৩.০০ থাকতে হবে। উল্লেখ্য ২০১৭ এর পূর্বে এস.এস.সি/সমমান ও ২০১৯ এর পূর্বে এইচ.এস.সি/সমমান পাশ ছাত্র-ছাত্রী এবং ২০১৭ এর পূর্বে GCE ‘O’ লেভেল ও ২০১৯ এর পূর্বে GCE ‘A’ লেভেল পাশ ছাত্র/ছাত্রী আবেদনের যোগ্য নয়।

খ) জি.সি.ই. O লেভেলে কমপক্ষে ৩ টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাশ এবং জি.সি.ই. A লেভেলে কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেড সহ ৩টি বিষয়ে পাশ থাকতে হবে ।

**৪। অনলাইনের মাধ্যমে আবেদনের নিয়মাবলি ও আবেদন ফি প্রদান ঃ**

ক) ভর্তির ওয়েব সাইট (http://admission.sec.ac.bd) এর মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে এবং আবেদন ফি বাবদ ১০০০/- (একহাজার) টাকা ডাচ-বাংলা ব্যাংক লিমিটেডের (DBBL) মোবাইল ব্যাংকিং রকেট এর মাধ্যমে প্রদান করতে হবে।

খ) মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/চা শ্রমিক সন্তান কোটায় আবেদনকারীদের আবেদন ফরমে নির্ধারিত কোটা নির্বাচন করতে হবে।

গ) আবেদন ফরম যথাযথভাবে পূরণ করা হলে পরীক্ষার্থীর মোবাইল ফোনে একটি SMS এর মাধ্যমে বিল (BILL) নম্বর দেওয়া হবে। বিল নম্বরটি গুরুত্বপূর্ণ বিধায় প্রার্থীকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

ঘ) প্রাপ্ত বিল নম্বর এর বিপরীতে মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট বা এজেন্ট পয়েন্টের মাধ্যমে সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের Biller ID 339 নং এ আবেদন ফি জমা দিতে হবে। ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলি ভর্তির ওয়েব সাইটে পাওয়া যাবে।

ঙ) পেমেন্ট সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত মোবাইল ব্যাংকিং রকেট এর Transaction ID টি সংরক্ষণ করতে হবে। কেননা পেমেন্ট প্রদানে কোন সমস্যা হলে উক্ত Transaction ID টি উল্লেখ করে admission@sec.ac.bd এ ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করতে হবে।

চ) প্রাপ্ত বিল নম্বর ও Transaction ID টি ব্যবহার করে ওয়েব সাইট থেকে প্রবেশপত্রের রঙ্গীন প্রিন্ট নিতে হবে এবং পরীক্ষার দিন পরীক্ষার্থীকে প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

ছ) ভর্তি পরীক্ষার আসন বিন্যাস যথাসময়ে সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানানো হবে।

**৫। ভর্তি পরীক্ষাঃ**

ক) উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রম অনুযায়ী পদার্থবিদ্যা (৩০ নম্বর), গণিত (৩০ নম্বর), রসায়ন (২০ নম্বর) এবং ইংরেজি (২০ নম্বর) বিষয়ের উপর মোট **১০০** নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়কাল **১** ঘন্টা ৩০ মিনিট।

খ) প্রশ্নপত্র বাংলায় প্রণয়ন করা হবে। তবে কোন পরীক্ষার্থী যদি ইংরেজিতে প্রশ্নপত্র পেতে চায় তাকে তা আবেদনের সময় যথানিয়মে উল্লেখ করতে হবে।

গ) ভর্তি পরীক্ষা কক্ষে মোবাইল ফোন, ঘড়ি এবং অন্যান্য সকল ইলেকট্রনিক্স ডিভাইস (ওয়েব সাইটে প্রদত্ত নির্দিষ্ট মডেলের ক্যালকুলেটর ব্যতিত ) সঙ্গে আনা ও ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ।

**৬। মেধা তালিকা প্রণয়ন ঃ**

ক) মেধা তালিকার মোট নম্বরের মধ্যে ৭০% নম্বর আসবে ভর্তি পরীক্ষা থেকে এবং বাকি ৩০% নম্বর আসবে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার ফলাফল থেকে।

খ) এস.এস.সি/সমমান পরীক্ষার প্রাপ্ত GPA কে ৩ দ্বারা ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার প্রাপ্ত GPA কে ৩ দ্বারা গুণ করা হবে।

গ) মেধা তালিকায় অবস্থান সমান হলে এইচ.এস.সি/সমমান পরীক্ষায় যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজিতে প্রাপ্ত GP এর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে।

ঘ) ভর্তি পরীক্ষার ন্যূনতম পাশ নম্বর ৪০%।

**৭। বিশেষ জ্ঞাতব্য বিষয় ঃ**

ক) মেধাক্রমের ভিত্তিতে ভর্তির জন্য ডাকা হবে এবং ভর্তির সময় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে।

খ) ভর্তির সময় মুক্তিযোদ্ধা/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/চা শ্রমিক সন্তান কোটার প্রার্থীকে সংশ্লিষ্ট মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

গ) অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ঘ) কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন আইন/নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

ঙ) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদন করার পরামর্শ দেয়া হচ্ছে।

**৮। ভর্তি সংক্রান্ত যোগাযোগ ঃ (সকালঃ ৯:০০টা থেকে রাত ৮:০০টা)**

মোবাইল ঃ ০১৭৩২ ৯১৪০৩৯, ০১৬৩৪ ৩৭৪৪২৬, ই-মেইল ঃ admission@sec.ac.bd।

আবদুর রউফ
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট।
ও
সদস্য সচিব
ভর্তি কমিটি ২০২০-২০২১
সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট।

প্রফেসর ড. মুশতাক আহমদ
ডিন, স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
ও
সভাপতি
ভর্তি কমিটি ২০২০-২০২১
সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট।